# অধ্যায়-০৩: নগদ প্রবাহ বিবরণী

১। সন্দ্বীপ লিলিটেড এর ২০১৭ সালে তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো: [ঢা.বো. য.বো. সি.বো. দি.বো. ২০১৮]

| বিবরণ | টাকা |
|---|---|
| শেয়ার ইস্যু হতে নগদ প্রাপ্তি | ৪৭,০০০ |
| নিট মুনাফা | ১১,০০০ |
| লভ্যাংশ বাবদ প্রদান | ৬,০০০ |
| প্রাপ্য হিসাবের বৃদ্ধি | ৯,০০০ |
| অগ্রিম খরচের হ্রাস | ৫,০০০ |
| ভূমি বিক্রয় বাবদ নগদ প্রাপ্তি | ১,২৫,০০০ |
| প্রদেয় খরচের বৃদ্ধি | ৪,০০০ |
| যন্ত্রপাতি বিক্রয়জনিত লাভ | ৩,০০০ |
| অবচয় খরচ | ৫,০০০ |
| যন্ত্রপাতি বিক্রয় হতে নগদ প্রাপ্তি | ৪৫,০০০ |
| নগদে দীর্ঘমেয়াদি বিনিয়োগ ক্রয় | ৮০,০০০ |

ক. অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ প্রাবহের পরিমাণ নির্ণয় কর।
খ. বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
গ. পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর (পরোক্ষ পদ্ধতিতে)।
উত্তর: (ক) অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ ৪১,০০০ টাকা; (খ) বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ৯০,০০০ টাকা; (গ) পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ১৩,০০০ টাকা।

২। হালদা লিমিটেড ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে নিচের তথ্যাবলি সংগৃহীত হয়েছে: [রা.বো. কু.বো. চ.বো. ব.বো. ২০১৮]

| বিবরণ | টাকা |
|---|---|
| নিট মুনাফা | ৩৫,০০০ |
| সাধারণ শেয়ার ইস্যু হতে নগদ প্রাপ্তি | ১,৩২,০০০ |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | ৩৮,০০০ |
| লভ্যাংশ বাবদ প্রদান | ২৬,৮০০ |
| যন্ত্রপাতি বিক্রয়জনিত লাভ | ১৩,০০০ |
| যন্ত্রপাতি বিক্রয় হতে প্রাপ্তি | ১,০২,০০০ |
| অবচয় খরচ | ১৫,০০০ |
| নগদে দীর্ঘমেয়াদি বিনিয়োগ ক্রয় | ২,১০,০০০ |
| প্রদেয় খরচ বৃদ্ধি | ১৫,০০০ |
| ভূমি বিক্রয় বাবদ নগদ প্রাপ্তি | ২,৭০,০০০ |
| অগ্রিম খরচ হ্রাস | ৮,০০০ |
| মজুত পণ্য বৃদ্ধি | ১২,০০০ |
| সুনামের অবলোপন | ১৮,৫০০ |

ক. অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
খ. বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ কর।
গ. পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
উত্তর: (ক) অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ ১,০৫,২০০ টাকা; (খ) বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ১,৮২,০০০ টাকা; (গ) পরিচালন কার্যক্রম হতে নিট প্রবাহ ২৮,৫০০ টাকা।

৩। রূপালী লিঃ এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের আয় বিবরণী নিম্নরূপ; [ঢা.বো. ২০১৭]

| বিস্তারিত | টাকা | টাকা |
|---|---|---|
| সেবা আয় | | ৮,৪০,০০০ |
| পরিচালন ব্যয় | ৬,৮৪,০০০ | |
| সরঞ্জাম বিক্রয়জনিত ক্ষতি | ২৬,০০০ | ৭,১০,০০০ |
| করপূর্বে নীট লাভ | | ১,৩০,০০০ |
| আয়কর | | ৪০,০০০ |
| কর পরবর্তী নীট লাভ | | ৯০,০০০ |

রূপালী লিঃ এর উদ্বর্তপত্র হতে নিম্নোক্ত তুলনামূলক চিত্র পাওয়া যায়

| | ২০১৫ টাকা | ২০১৬ টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৩৭,০০০ | ৫৪,০০০ |
| প্রদেয় খরচ | ৪১,০০০ | ৩১,০০০ |
| প্রদেয় আয়কর | ৪,০০০ | ৮,৫০০ |

পরিচালন খরচের মধ্যে ৬০,০০০ টাকা অবচয় অন্তর্ভূক্ত আছে, বিক্রীত সরঞ্জামের পুস্তক মূল্য ৩২,০০০ টাকা।
করণীয় ঃ-

(ক) বিক্রীত সরঞ্জাম বাবদ নগদ অন্তঃপ্রবাহের পরিমাণ নির্ণয় কর।
(খ) ২০১৬ সালের পরিচালন খরচ ও আয়কর বাবদ নগদ বহিঃপ্রবাহের পরিমাণ নির্ণয় কর।
(গ) রূপালি লিঃ এর ২০১৬ সালে পরোক্ষ পদ্ধতিতে নগদ প্রবাহ বিবরণীর পরিচালন কার্যক্রম অংশটি প্রস্তুত কর।
উত্তর: (ক) নগদ আন্তঃপ্রবাহ ৬,০০০ টাকা; (খ) পরিচালন খরচ বাবদ নগদ বহিঃপ্রবাহের পরিমাণ ৬,৩৪,০০০ টাকা এবং আয়কর বাবদ নগদ বহিঃপ্রবাহের পরিমাণ ৩৫,৫০০ টাকা; (গ) পরিচালন কার্যাবলি দ্বারা সরবরাহকৃত নিট নগদ ১,৫৩,৫০০ টাকা।

৪। আয়ান লিঃ এর তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ; [রা.বো. ২০১৭]

| হিসাবের নাম | ৩১-১২-১৬, টাকা | ৩১-১২-১৫, টাকা |
|---|---|---|
| সম্পত্তিসমূহ : | | |
| নগদ | ৩৫,৭০০ | ২৬,৭০০ |
| প্রাপ্য হিসাবসমূহ | ৫৩,০০০ | ৫৮,০০০ |
| দালান-কোঠা | ১,৭৫,০০০ | ১,৭৫,০০০ |
| পুঞ্জীভূত অবচয় (দালান-কোঠা) | (৩৭,৫০০) | (২৫,০০০) |
| জমি | ৫০,০০০ | ৬৫,০০০ |
| | ২,৭৬,২০০ | ২,৯৯,৭০০ |
| দায়দেনা ও শেয়ার মালিকদের তহবিল : | | |
| প্রদেয় হিসাবসমূহ | ৩০,০০০ | ৭৭,০০০ |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকার শেয়ার) | ১,৮৭,৫০০ | ১,৭২,৫০০ |
| সংরক্ষিত আয় | ৫৮,৭০০ | ৫০,২০০ |
| | ২,৭৬,২০০ | ২,৯৯,৭০০ |

অতিরিক্ত তথ্যাবলি ঃ- (১) ২০১৬ সালে ঘোষিত ও পরিশোধিত লভ্যাংশ ছিল ৪৮,০০০ টাকা।
(২) ১৫,০০০ টাকার জমি ১২,২০০ টাকায় বিক্রি করা হয়।
করণীয় ঃ- (ক) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত বছরের নিট আয় নির্ণয় কর।
(খ) পরোক্ষ পদ্ধতিতে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত বছরের পরিচালন কার্যাবলি হতে নিট নগদ প্রবাহ নির্ণয় কর।
(গ) নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর। (পরোক্ষ পদ্ধতিতে)
উত্তর: (ক) ২০১৬ সালের নিট আয় ৫৬,৫০০ টাকা; (খ) পরিচালন কার্যাবলি হতে নিট নগদ প্রবাহ ২৯.৮০০ টাকা; (গ) নিট নগদ বৃদ্ধি ৯,০০০ টাকা।

৫। নিম্নে সোনালী কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী দেওয়া হল; [চ.বো. ২০১৭]

| বিবরণ | ২০১৫ টাকা | ২০১৪ টাকা |
|---|---|---|
| সম্পত্তি : | | |
| নগদ তহবিল | ৭০,০০০ | ২০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮৮,০০০ | ৭৬,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ১,৯০,০০০ | ১,৯৯,০০০ |
| ভূমি ও দালানকোঠা | ৭০,০০০ | ১,১০,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ২,৭৫,০০০ | ২,০০,০০০ |
| (অবচয় সঞ্চিতি) | (৬০,০০০) | (২৬,০০০) |
| | ৬,৩৩,০০০ | ৫,৮১,০০০ |
| দায় ও মূলধন : | | |
| প্রদেয় নোট | ১,৫০,০০০ | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩৯,০০০ | ৪৭,০০০ |
| সাধারণ শেয়ার | ২,২০,০০০ | ১,৭৮,০০০ |
| সংরক্ষিত আয় | ২,২৪,০০০ | ১,৫৬,০০০ |
| | ৬,৩৩,০০০ | ৫,৮১,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ২০১৫ সালের নিট লাভ ছিল ১,১৩,০০০ টাকা।
(২) নগদ লভ্যাংশ প্রদান ৪৫,০০০ টাকা।
(৩) পুস্তক মূল্যে ভূমি বিক্রয় করা হয়েছে।
(৪) সাধারণ শেয়ার ইস্যু করা হয়েছে ৪২,০০০ টাকা।
(৫) চলতি বছর ৫০,০০০ টাকার প্রদেয় নোট পরিশোধ করা হয়েছে।
করণীয় ঃ- (ক) কত টাকায় ভূমি বিক্রয় করা হয়েছে?
(খ) পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
(গ) অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
উত্তর: (ক) ৪০,০০০ টাকায় ভূমি বিক্রয় করা হয়েছে; (খ) পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ৮৮,০০০ টাকা; (গ) অর্থায়ন কার্যক্রমে নিট নগদ ব্যবহার ৩,০০০ টাকা।

৬। আজাদ লিঃ এর ২০১৬ সালের তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদ ও চলতি দায় নিম্নরূপ; [কু.বো. ২০১৭]

| হিসাবের নাম | ২০১৬, টাকা | ২০১৫, টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৬৩,০০০ | ৭০,০০০ |
| মজুদ পণ্য | ৭২,০০০ | ৬৯,০০০ |
| প্রদেয় হিসাব | ৫৫,০০০ | ৫৩,০০০ |
| বকেয়া খরচ | ৫,০০০ | ৮,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ২০১৬ সালের নিট আয় ২০,০০০ টাকা।
(২) একটি পুরাতন আসবাবপত্র ২৫,০০০ টাকা বিক্রয় করা হয় যার ক্রয় মূল্য ছিল ৩২,০০০ এবং অবচয় ৩,০০০ টাকা।
(৩) পুরাতন যন্ত্রপাতি বিক্রয়জনিত লাভ ২,০০০ টাকা।
(৪) ২০১৬ সালের স্থায়ী সম্পত্তির অবচয় ছিল ১৩,০০০ টাকা।
(৫) সুনাম অবলোপন ৫,০০০ টাকা।
করণীয় ঃ- (ক) পুরাতন আসবাবপত্র বিক্রয়জনিত লাভ বা ক্ষতি নির্ণয় কর।
(খ) চলতি সম্পদ ও চলতি দায়ের হ্রাস-বৃদ্ধির পরিমাণ নির্ণয় কর।
(গ) পরোক্ষ পদ্ধতিতে উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রবাহ বিবরণী তৈরি কর।
উত্তর: (ক) আসবাবপত্র বিক্রয়জনিত ক্ষতি ৪,০০০ টাকা; (খ) চলতি সম্পদ হ্রাস ৪,০০০ টাকা এবং চলতি দায় হ্রাস ১,০০০ টাকা; (গ) নিট নগদ বৃদ্ধি ৭০,০০০ টাকা।

৭। স্কয়ার কোম্পানির লিমিটেডের তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেয়া হলো; [সি.বো. ২০১৭]

| হিসাবের নাম | ২০১৪ | ২০১৫ |
|---|---|---|
| সম্পদ : | | |
| হাতে নগদ | ৪০,০০০ | ৪৪,৪০০ |
| প্রাপ্য হিসাব | ১০,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | ১৫,০০০ | ১৫,৭০০ |
| ভূমি | ৪,০০০ | ৪,০০০ |
| দালানকোঠা | ২০,০০০ | ১৬,০০০ |
| মেশিনারি | ১৫,০০০ | ১৭,০০০ |
| অবচয় সঞ্চিতি | (৫,০০০) | (২,৮০০) |
| প্যাটেন্ট | ১,০০০ | ৯০০ |
| | ১,০০,০০০ | ১,১৫,২০০ |
| দায় ও মালিকানা স্বত্ব : | | |
| চলতি দায় | ৩০,০০০ | ৩২,০০০ |
| প্রদেয় বন্ড | ২২,০০০ | ২২,০০০ |
| বন্ড অবহার | (২,০০০) | (১,৮০০) |
| শেয়ার মূলধন | ৩৫,০০০ | ৪৩,৫০০ |
| প্রস্তাবিত লভ্যাংশ | ১৫,০০০ | ১৯,৫০০ |
| | ১,০০,০০০ | ১,১৫,২০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) চলতি বছরের নিট আয় ১০,০০০ টাকা।
(২) ১,৪০০ টাকায় দালানকোঠা বিক্রয় করা হয়েছে। যার ক্রয়মূল্য ৪,০০০ টাকা এবং বই মূল্য ছিল ১,০০০ টাকা।
(৩) লভ্যাংশ প্রদান ২,০০০ টাকা।
করণীয় ঃ- (ক) চলতি বছরের অবচয়ের পরিমাণ নির্ণয় কর।
(খ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
(গ) বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
উত্তর: (ক) চলতি বছরের অবচয় ৮০০ টাকা; (খ) পরিচালন সংক্রান্ত কার্যাবলি দ্বারা সরবরাহকৃত নিট নগদ ৬,৫০০ টাকা; (গ) বিনিয়োগ সংক্রান্ত কার্যাবলির দ্বারা নিট নগদ ব্যবহার ৬০০ টাকা।

৮। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে পূর্ণ লিমিটেড এর নগদ উদ্বৃত্ত ছিল ২,১০,০০০ টাকা। বছরের অন্যান্য তথ্যাবলি নিম্নে দেখানো হলো; [ব.বো. ২০১৭]

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| সাধারন শেয়ার বিক্রয় বাবদ প্রাপ্তি | ৭,০০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৮০,০০০ |
| সুনামের অবলোপন | ৩০,০০০ |
| দীর্ঘ মেয়াদি সঞ্চয়পত্র ক্রয় | ৮০,০০০ |
| নিট আয় | ১,৫০,০০০ |
| সরঞ্জাম বিক্রয় বাবদ নগদ প্রাপ্তি | ৪,৫০,০০০ |
| সরঞ্জাম বিক্রয় বাবদ মুনাফা | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | ১,২০,০০০ |
| প্রদেয় হিসাব হ্রাস | ১,০০,০০০ |

| | |
|---|---|
| অবচয় খরচ | ৫০,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি বৃদ্ধি | ৫,০০০ |
| ১২% ঋণপত্র ইস্যুর মাধ্যমে দালান ক্রয় | ৫,০০,০০০ |

করণীয় ঃ- (ক) অনগদ লেনদেনের মোট পরিমাণ নির্ণয় কর।
(খ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালনা কার্যাবলি থেকে নগদ প্রবাহ নির্ণয় কর।
(গ) নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করে নগদ তহবিলের সমাপনী উদ্বৃত্ত নির্ণয় কর।
উত্তর: (ক) অনগদ লেনদেনের মোট পরিমাণ ৬,১০,০০০ টাকা; (খ) পরিচালন কার্যক্রম দ্বারা নিট নগদ ব্যবহার ১৫,০০০ টাকা; (গ) সমাপনী নগদ উদ্বৃত্ত ৪,৬৫,০০০ টাকা।

৯। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের ববি লি. এর বিশদ আয় বিবরণী এবং অন্যান্য তথ্যাবলি নিচে উল্লেখ করা হল; [দি.বো. ২০১৭]

| হিসাবের নাম | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | | ৩০,০০০ |
| বাদ খরচসমূহ: | | |
| পরিচালন খরচ (অবচয় ব্যতিত) | ২০,০০,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় খরচ | ১,৯০,০০০ | |
| সুদ খরচ | ১,৪০,০০০ | |
| যন্ত্রপাতি বিক্রয় ক্ষতি | ৭৫,০০০ | ২৪,০৫,০০০ |
| নিট মুনাফা | | ৫,৯৫,০০০ |

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণীর কয়েকটি বিষয় নিম্নরূপ;

| হিসাবের নাম | ২০১৬, টাকা | ২০১৫, টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৩,৫০,০০০ | ৩,১০,০০০ |
| মজুদ পণ্য | ১,০০,০০০ | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৮০,০০০ | ১,৫০,০০০ |
| প্রদেয় খরচ | ৬০,০০০ | ৭০,০০০ |
| যন্ত্রপাতি | ৪,০০,০০০ | ৫,০০,০০০ |

সমন্বয় সমূহ ঃ- ১,৫০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি ৭৫,০০০ টাকা ক্ষতিতে বিক্রয় করা হয়েছে।
করণীয় ঃ- (ক) অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় কর।
(খ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
(গ) চলতি বছরে যন্ত্রপাতি ক্রয় বাবদ নগদ বহিপ্রবাহের পরিমাণ কত?
উত্তর: (ক) অনগদ লেনদেনের পরিমাণ ২,৬৫,০০০ টাকা; (খ) পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ ৮,২০,০০০ টাকা; (গ) যন্ত্রপাতি ক্রয় বাবদ নগদ বহি:প্রবাহের পরিমাণ ৫০,০০০ টাকা।

১০। নাসির এন্ড কোং এর ২০১৬ সালের নিম্নলিখিত তথ্যাবলি প্রদত্ত হল; [য.বো. ২০১৭]

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| নীট মুনাফা | ৫,০০,০০০ |
| অবচয় | ৪০,০০০ |
| সুনামের অবলোপন | ২০,০০০ |
| বিবিধ দেনাদার হ্রাস | ৪০,০০০ |
| মজুদ পণ্য বৃদ্ধি | ৬০,০০০ |
| বিবিধ পাওনাদার বৃদ্ধি | ৩০,০০০ |
| আসবাবপত্র বিক্রয় | ৮০,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ১,০০,০০০ |
| ভূমি ক্রয় | ১,৬০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৪০,০০০ |
| বন্ধকী ঋণ পরিশোধ | ৬০,০০০ |
| বন্ডকে শেয়ারে রূপান্তর | ৮০,০০০ |
| শেয়ারের বিনিময়ে দালান কোঠা ক্রয় | ১,৪০,০০০ |
| নগদ উদ্বৃত্ত (৩১-১২-২০১৬) | ১,০০,০০০ |

করণীয় ঃ- (ক) নগদ প্রবাহে অন্তর্ভুক্ত হবে না এমন অনগদ কার্যক্রমের টাকার পরিমাণ নির্ণয় কর।
(খ)পরিচালন কার্যক্রম হতে নীট নগদ প্রবাহের পরিমাণ নির্ণয়কর।
(গ) অর্থায়ন কার্যক্রম হতে নীট নগদ প্রবাহ নির্ণয় কর।
উত্তর: (ক) মোট অনগদ কার্যক্রমের পরিমাণ ২,২০,০০০ টাকা; (খ) পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ৫,৭০,০০০ টাকা; (গ) অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ বহি:প্রবাহ ১,০০,০০০ টাকা।

১১। নদী লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হল; [ঢা.বো. ২০১৬]

| বিবরণ | ২০১৫ টাকা | ২০১৪ টাকা |
|---|---|---|
| সম্পদসমূহ | | |
| নগদ | ১৫,০০০ | ১০,০০০ |
| অন্যান্য চলতি সম্পদ | ৯০,০০০ | ৬৩,০০০ |
| বিনিয়োগ (দীর্ঘমেয়াদি) | ১০,০০০ | ৫৩,০০০ |
| কলকব্জা | ৩,৩৫,০০০ | ২,১৫,০০০ |
| পুঞ্জীভূত অবচয় কলকব্জা | (২০,০০০) | (৪০,০০০) |
| মোট | ৪,৩০,০০০ | ৩,০১,০০০ |
| দায়সমূহ ও মালিকানাস্বত্ব : | | |
| চলতি দায় | ৪৫,০০০ | ২৭,০০০ |
| দীর্ঘমেয়াদি ঋণ | ৭৫,০০০ | |
| সাধারণ শেয়ার | ২,৫৪,০০০ | ২,৫৪,০০০ |
| সংরক্ষিত আয় | ৫৬,০০০ | ২০,০০০ |
| মোট | ৪,৩০,০০০ | ৩,০১,০০০ |

অন্যান্য তথ্যাবলিঃ-(১) ২০১৫ সালের নিট মুনাফা ৩৬,০০০ টাকা।
(২) কলকব্জা বিক্রয় ৮,০০০ টাকা, যার ক্রয়মূল্য ও পুঞ্জীভূত অবচয় ছিল যথাক্রমে ৬০,০০০ টাকা ও ৪৮,০০০ টাকা।
(৩) চলতি বছরের কলকব্জার অবচয় ২৮,০০০ টাকা।
(৪) নগদ কলকব্জা ক্রয় ১,৮০,০০০ টাকা।

করণীয় ঃ-
(ক) কলকব্জা বিক্রয়জনিত লাভ/ক্ষতি পরিমাণ নির্ণয় কর।
(খ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালনা কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
(গ) একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর।

উত্তর:
(ক) কলকব্জা বিক্রয়জনিত ক্ষতি ৪,০০০ টাকা; (খ) পরিচালন কার্যাবলি হতে নিট নগদ আন্তঃপ্রবাহ ৫৯,০০০ টাকা; (গ) নিট নগদ বৃদ্ধি ৫,০০০ টাকা।

১২। নিচের তথ্যাবলি অর্পা কোং-এর হিসাব বই থেকে গৃহীত: [রা.বো. ২০১৬]

| | টাকা |
|---|---|
| নিট মুনাফা (আয় বিবরণী অনুযায়ী) | ২,৭৫,০০০ |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | ২৫,০০০ |
| প্রদেয় হিসাব হ্রাস | ২০,০০০ |
| মজুদ পণ্য হ্রাস | ৩৫,০০০ |
| অবচয় খরচ | ২৫,০০০ |
| প্রদেয় খরচ হ্রাস | ১৫,০০০ |
| অগ্রিম খরচ বৃদ্ধি | ৫,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ৫০,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৮০,০০০ |
| দালান সম্প্রসারণ | ১,২৫,০০০ |
| দীর্ঘমেয়াদি বিনিয়োগ বিক্রয় | ১,৫০,০০০ |
| অন্য কোম্পানির শেয়ারে বিনিয়োগ | ৩০,০০০ |
| প্রদত্ত ঋণের আসল টাকা আদায় | ৫০,০০০ |
| নতুন সাধারণ শেয়ার ইস্যুঃ প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার প্রতি শেয়ারে অধিহার ১ টাকা | |
| লভ্যাংশ প্রদান | ৪০,০০০ |
| বন্ড পরিশোধ | ৫০,০০০ |

করণীয় ঃ-
(ক)অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় কর।
(খ) পরিচালনা কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় কর।
(গ) বিনিয়োগ কার্যক্রম থেকে নগদ প্রবাহ নির্ণয় কর।

উত্তর:
(ক) অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ আন্তঃপ্রবাহ ২০,০০০ টাকা; (খ) পরিচালন কার্যক্রমের নিট নগদ আন্তঃপ্রবাহ ২,৭০,০০০ টাকা; (গ) বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ আন্তঃপ্রবাহ ৭৫,০০০ টাকা।

১৩। ২০১৫ সালের ৩১ শে মার্চের রূপসা কোম্পানি লিমিটেড-এর তথ্যাবলি নিম্নে দেয়া হল; [চ.বো. ২০১৬]

| বিবরণ | টাকা |
|---|---|
| নিট আয় | ৩,৭৫,০০০ |
| প্রদেয় হিসাবকে দেয়া হল | ৪,০০,০০০ |
| বন্ড পরিশোধ | ২,০০,০০০ |
| সুনাম অবলোপন | ৩০,০০০ |
| সরঞ্জাম বিক্রয়জনিত লাভ | ১৫,০০০ |
| বন্ড বিক্রয় | ৩,০০,০০০ |
| ভূমি ক্রয় | ৫,০০,০০০ |
| ভূমি বিক্রয় | ৬,০০,০০০ |
| সরঞ্জাম ক্রয় | ৩,০০,০০০ |
| অগ্রাধিকার শেয়ার ইস্যু | ৫,০০,০০০ |
| সাধারণ শেয়ার ইস্যু | ১০,০০,০০০ |
| প্রাপ্য হিসাব থেকে আদায় | ৭,০০,০০০ |
| আসবাবপত্র বিক্রয় | ১,০০,০০০ |

করণীয় ঃ- (ক) পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রমের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর।
(খ) বিনিয়োগ কার্যক্রমের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর।
(গ) অর্থায়ন কার্যক্রমের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর।
উত্তর: (ক) পরিচালন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৩,৯০,০০০ টাকা; (খ) বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার ১,০০,০০০ টাকা; (গ) অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ১৬,০০,০০০ টাকা।

১৪। লোটাস কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো; [কু.বো. ২০১৬]

| দায় সমূহ | ২০১৪ | ২০১৫ | সম্পদ সমূহ | ২০১৪ | ২০১৫ |
|---|---|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ৮,৫০০ | ৭,০০০ | নগদ তহবিল | ৬,৭০০ | ৯,০০০ |
| অবচয় সঞ্চিতি | ৪,০০০ | ৫,৫০০ | প্রাপ্য হিসাব | ১২,০০০ | ১১,৫০০ |
| বন্ধকি ঋণ | ১০,০০০ | ৫,০০০ | মজুদ পণ্য | ৩২,৫০০ | ৩৩,০০০ |
| শেয়ার মূলধন | ৪০,০০০ | ৫০,০০০ | অগ্রিম ব্যয় | ৮০০ | ১,০০০ |
| শেয়ার অধিহার | | ২,০০০ | সরঞ্জাম | ২১,০০০ | ২৮,০০০ |
| আবন্টিত মুনাফা | ১০,৫০০ | ১৩,০০০ | | | ৮২,৫০০ |
| | ৭৩,০০০ | ৮২,৫০০ | | ৭৩,০০০ | |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) নিট আয় ১২,৫০০ টাকা।
(২) সরঞ্জামের অবচয় খরচ ২,৫০০ টাকা।
(৩) সম্পূর্ণ অবচিত সরঞ্জামটির ক্রয়মূল্য ছিল ১,০০০ টাকা।
(৪) রন্ধকি ঋণের অর্ধেক পরিশোধ করা হয়েছে।
করণীয় ঃ- (ক) ২০১৫ সালে ক্রয়কৃত সরঞ্জামের মূল্য নির্ণয় কর।
(খ) পরোক্ষ পদ্ধতি ব্যবহার করে পরিচালন কার্যাবলির নিট নগদ প্রবাহ নির্ণয় কর।
(গ)পরোক্ষ পদ্ধতি ব্যবহার করে সমাপনী নগদ তহবিল নির্ণয় কর।
উত্তর: (ক) ক্রয়কৃত সরঞ্জামের মূল্য ৮,০০০ টাকা; (খ) পরিচালন কার্যাবলি হতে নিট নগদ আন্তঃপ্রবাহ ১৩,৩০০ টাকা; (গ) নিট নগদ বৃদ্ধি ২,৩০০ টাকা।

১৫। **XYZ** লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিচে প্রদত্ত হলো; [ব.বো. ২০১৬]

| | ২০১৪ টাকা | ২০১৫ টাকা |
|---|---|---|
| সম্পত্তি সমূহ: | ১০,০০০০ | ২১,০০০ |
| হাতে নগদ | ২০,০০০ | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | ২৬,০০০ |
| মজুদ পণ্য | ৫০,০০০ | ৭০,০০০ |
| অবচয় সঞ্চিতি-যন্ত্রপাতি | (৫,০০০) | (১০,০০০) |
| মোট = | ১,০৫,০০০ | ১,৩৭,০০০ |
| দায় ও মালিকানাস্বত্ব : | | |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | ৯,০০০ |
| বকেয়া খরচ | | ২,০০০ |
| সাধারণ শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা) | ৬০,০০০ | ৯০,০০০ |
| রক্ষিত আয় | ৩০,০০০ | ৩৬,০০০ |
| মোট = | ১,০৫,০০০ | ১,৩৭,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ২০১৫ সালে নিট মুনাফা হয় ১০,০০০ টাকা।
(২) নগদে যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।
(৩) নগদ লভ্যাংশ প্রদান ৪,০০০ টাকা।
(৪) প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ টাকা সাধারণ শেয়ার ইস্যু করা হয়েছে।

করণীয় ঃ-
(ক) বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
(খ) অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
(গ) প্রত্যক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
উত্তর:
(ক) বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার ২০,০০০ টাকা; (খ) অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ সরবরাহ ২৬,০০০ টাকা; (গ) প্রত্যক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নিরূপন করতে বললেও বিক্রয় ও ক্রয় সম্পর্কিত কোন তথ্য দেয়া নেই। প্রাপ্য হিসাব, প্রদেয় হিসাব ও মজুদ পণ্যের পরিবর্তন দ্বারা মূল্য বের করে সমাধান করলে তা বাস্তবভিত্তিক হবে না।

১৬। ডাকাতিয়া লিমিটেডের ২০১৫ সালের আয় বিবরণী ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ; [য.বো. ২০১৬]

| বিবরণ | | টাকা |
|---|---|---|
| রাজস্ব | | ৬৫,৮৩,০০০ |
| বাদ: পারিচালন ব্যয় | | |
| (অবচয় বাদে) | ৪৯,২০,০০০ | |
| অবচয় | ৮,৮০,০০০ | |
| | | ৫৮,০০,০০০ |
| কারপূর্ব আয় | | ৭,৮৩,০০০ |
| বাদ: আয়কর | | ৩,৫৩,০০০ |
| কর পরবর্তী আয় | | ৪,৩০,০০০ |

নিচে কতিপয় সম্পত্তি ও দায়ের প্রারম্ভিক ও সমাপনী জের দেওয়া হল;

| | সমাপনী | প্রারম্ভিক |
|---|---|---|
| নগদ | ৬,৭২,০০০ | ১,৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭,৭৫,০০০ | ৬,১০,০০০ |
| মজুদ পণ্য | ৮,৩৪,০০০ | ৮,৬৭,০০০ |
| প্রদেয় হিসাব | ৫,২১,০০০ | ৫,০১,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- একটি মেশিন ২,৭০,০০০ টাকায় বিক্রয় করা হয় এবং অন্য একটি মেশিন ৭,৫০,০০০ টাকায় ক্রয় করা হয়।
করণীয় ঃ-
(ক) পরিচালন ব্যয়ের জন্য নগদ কত টাকা প্রদান করা হয় তা নির্ণয় কর।
(খ) পরিচালনসংক্রান্ত নিট নগদ প্রবাহ নির্ণয় কর। (পরোক্ষ পদ্ধতিতে)
(গ) বিনিয়োগ ও অর্থায়ন সংক্রান্ত নিট নগদ প্রবাহ নির্ণয় কর।
উত্তর:
(ক) পরিচালন খরচ বাবদ নগদ প্রদান ৪৯,০০,০০০ টাকা; (খ) পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ১৫,৫১,০০০ টাকা; (গ) বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার ৪,৮০,০০০ টাকা এবং অর্থায়ন কার্যক্রমের নগদ প্রবাহ ০ টাকা।

১৭। পূবালী লি. এর নিম্নলিখিত তথ্যাবলি প্রদত্ত হলো; [ঢা.বো. ২০১৫]

| বিবরণ | টাকা |
|---|---|
| নিট আয় | ৫,০০,০০০ |
| অবচয় | ৭০,০০০ |
| যন্ত্রপাতি বিক্রয় ক্ষতি | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | ৫০,০০০ |
| মজুদ পণ্য হ্রাস | ২০,০০০ |
| প্রদেয় হিসাব বৃদ্ধি | ৪০,০০০ |
| সাধারণ শেয়ার ইস্যু | ১,০০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৪০,০০০ |
| বন্ড পরিশোধ | ৩০,০০০ |
| বন্ড ইস্যু | ৫০,০০০ |

করণীয় ঃ-
(ক) অনগদ লেনদেনের সমষ্টি নির্ণয় করো।
(খ) পরিচালন কার্যক্রম হতে নিট প্রবাহ নির্ণয় করো।
(গ) অর্থসংস্থান কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো।
উত্তর:
(ক) অনগদ লেনদেনের সমষ্টি ১,০০,০০০ টাকা; (খ) পরিচালন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৬,১০,০০০ টাকা; (গ) অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৮০,০০০ টাকা।

১৮। রহমান কোম্পানি লি.-এর তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো; [রা.বো. ২০১৫]

| সম্পদ সমূহ | টাকা | | দায় সমূহ | টাকা | |
|---|---|---|---|---|---|
| | ২০১৪ | ২০১৩ | | ২০১৪ | ২০১৩ |
| নগদ | ৫২,০০০ | ১২,০০০ | চলতি দায় | ১,২০,০০০ | ৪৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | ৪৩,০০০ | দীর্ঘমেয়াদি ঋণ | ১,৫৫,০০০ | |
| মজুদ পণ্য | ১,০৫,০০০ | ৫৭,০০০ | শেয়ার মূলধন | ২,১০,০০০ | ১,৬৩,০০০ |
| স্থায়ী সম্পত্তি | ৩,০১,০০০ | ৯৬,০০০ | | | |

২০১৪ সালে কোম্পানির নিট লাভ ছিল ৫৫,০০০ টাকা এবং ৭,০০০ টাকা নগদ লভ্যাংশ প্রদান করেছিল। অবচয়ের পরিমাণ ছিল ১৫,০০০ টাকা। তাছাড়া কোম্পানি ২০১৪ সালের ২,২০,০০০ টাকার স্থায়ী সম্পত্তিও ক্রয় করেছিল যার জন্য কোম্পানিকে ১,৫৫,০০০ টাকার দীর্ঘমেয়াদি ঋণপত্র ইস্যু করতে হয়েছিল।

করণীয় ঃ-

(ক) উপরোক্ত আর্থিক অবস্থার বিবরণী হতে অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় করো।

(খ) পরিচালন কার্যক্রম থেকে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো।

(গ) বিনিয়োগ এবং অর্থায়ন কার্যক্রম থেকে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো।

উত্তর:

(ক) অনগদ লেনদেনের পরিমাণ ১,৭০,০০০ টাকা; (খ) পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ ৬৫,০০০ টাকা; (গ) বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার ৬৫,০০০ টাকা, অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৪০,০০০ টাকা।

১৯। হিমাদ্রী লিমিটেড-এর তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো; [কু.বো. ২০১৫]

| মূলধন ও দায় | টাকা | | সম্পদ ও পরিসম্পদ | টাকা | |
|---|---|---|---|---|---|
| | ২০১৪ | ২০১৩ | | ২০১৪ | ২০১৩ |
| প্রদেয় আয়কর | ৫,০০০ | ৮,০০০ | নগদ তহবিল | ২৯,০০০ | ১৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৩১,০০০ | ২৫,০০০ | প্রাপ্য হিসাব | ৩১,০০০ | ১৪,০০০ |
| অবচয় সঞ্চিতি | ২১,০০০ | ২৫,০০০ | মজুদ পণ্য | ২৫,০০০ | ৩৪,০০০ |
| ঋণপত্র | ২৮,০০০ | ৩৫,০০০ | কলকব্জা | ৮০,০০০ | ৯৮,০০০ |
| শেয়ার মূলধন | ৪৪,০০০ | ৩৮,০০০ | | | |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৩৬,০০০ | ৩০,০০০ | | | |
| | ১,৬৫,০০০ | ১,৬১,০০০ | | ১,৬৫,০০০ | ১,৬১,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) কোম্পানির পরিশোধিত নগদ লভ্যাংশের পরিমাণ ৮,০০০ টাকা।

(২) কলকব্জার যন্ত্রাংশ ৬,০০০ টাকায় বিক্রি করা হয়েছে যার ক্রয় মূল্য ছিল ১৮,০০০ টাকা এবং পুস্তক মূল্য ১১,০০০ টাকা।

করণীয় ঃ-

(ক) ২০১৪ সালের চলতি সম্পদ ও চলতি দায় সমূহ পৃথকভাবে দেখাও।

(খ) চলতি বছরের মোট ধার্যকৃত অবচয় নির্ণয়ের উদ্দেশ্যে অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত করো।

(গ) পরিচালনা কার্যাবলী হতে নিট নগদ সরবরাহ ১৭,০০০ টাকা ধরে প্রতিষ্ঠানের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো।

উত্তর:

(ক) ২০১৪ সালের চলতি সম্পদ ৮৫,০০০ টাকা এবং চলতি দায় ৩৬,০০০ টাকা; (খ) অবচয় খরচ ৩,০০০ টাকা; (গ) নিট নগদ বৃদ্ধি ১৪,০০০ টাকা।

২০। মি. জামালের ২০১৩ ও ২০১৪ সালের চলতি সম্পত্তি ও চলতি দায় সংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো; [সি.বো. ২০১৫]

| হিসাবের নাম | ২০১৪ টাকা | ২০১৩ টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৬৩,০০০ | ৭০,০০০ |
| মজুদ পণ্য | ৭২,০০০ | ৬৯,০০০ |
| প্রদেয় হিসাব | ৫৫,০০০ | ৫৩,০০০ |
| বকেয়া খরচ | ৫,০০০ | ৮,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ২০১৪ সালের নিট আয় ২০,০০০ টাকা।

(২) একটি পুরাতন আসবাবপত্র ২৫,০০০ টাকায় বিক্রয় করা হয় যার ক্রয় মূল্য ছিল ৩২,০০০ টাকা এবং অবচয় ৩,০০০ টাকা।

(৩) পুরাতন যন্ত্রপাতির বিক্রয়জনিত লাভ ২,০০০ টাকা।

(৪) ২০১৪ সালের স্থায়ী সম্পদের অবচয় খরচ ছিল ১৩,০০০ টাকা।

(৫) সুনাম অবলোপন ৫,০০০ টাকা।

করণীয় ঃ-

(ক) পুরাতন আসবাবপত্র বিক্রয়জনিত লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো।

(খ) চলতি সম্পদ ও চলতি দায়ের হ্রাস-বৃদ্ধির পরিমাণ নির্ণয় কর।

(গ) পরোক্ষ পদ্ধতিতে উপর্যুক্ত তথ্যের সাহায্যে নগদ প্রবাহ বিবরণী তৈরি করো।

উত্তর:

(ক) বিক্রয়জনিত ক্ষতির পরিমাণ ৪,০০০ টাকা; (খ) চলতি সম্পদ হ্রাসের পরিমাণ ৪,০০০ টাকা; চলতি দায় হ্রাসের পরিমাণ ১,০০০ টাকা; (গ) নিট নগদ বৃদ্ধি ৭০,০০০ টাকা।

২১। তিতাস কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো; [য.বো. ২০১৫]

| হিসাবের নাম | ২০১৪ টাকা | ২০১৩ টাকা |
|---|---|---|
| সম্পত্তি সমূহ : | | |
| যন্ত্রপাতি (নিট) | ১,১৭,৫০০ | ১,১৫,০০০ |
| মজুদ পণ্য | ৪১,৫০০ | ৫১,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,৫০০ | ৬৭,০০০ |
| নগদ | ২৩,৫০০ | ১৩,০০০ |
| অগ্রিম খরচ | ৪,৫০০ | ৫,৫০০ |
| | ২,৫৭,৫০০ | ২,৫১,৫০০ |
| মূলধন ও দায় : | | |
| শেয়ার মূলধন | ১,৫০,০০০ | ১,৫০,০০০ |
| সংরক্ষিত আয় | ২৬,৫০০ | ১৭,৫০০ |
| বকেয়া খরচ | ২০,০০০ | ২০,৫০০ |
| প্রদেয় হিসাব | ৬১,০০০ | ৬৩,৫০০ |
| | ২,৫৭,৫০০ | ২,৫১,৫০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) পরিচালন ব্যয় ছিল ১,০০,০০০ টাকা।
(২) বাকিতে পণ্য ক্রয় ১,২৫,০০০ টাকা।
(৩) বিক্রয়ের পরিমাণ ২,৫০,০০০ টাকা।
(৪) অবচয় ছিল ৭,৫০০ টাকা।
(৫) কোম্পানি ১,০০০ টাকা সুদ এবং ৭,০০০ টাকা আয়কর প্রদান করেছে।
করণীয় ঃ- (ক) যন্ত্রপাতি ক্রয়মূল্য নির্ণয় করো।
(খ) প্রাপ্য হিসাবের নিকট হতে নগদ প্রাপ্তি ও প্রদেয় হিসাবকে নগদে পরিশোধ নির্ণয় করে।
(গ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম দ্বারা নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো।
উত্তর: (ক) নতুন যন্ত্রপাতি ক্রয়মূল্য ১০,০০০ টাকা; (খ) প্রাপ্য হিসাব হতে নগদ প্রাপ্তি ২,৪৬,৫০০ টাকা এবং প্রদেয় হিসাবকে নগদ পরিশোধ ১,২৭,৫০০ টাকা; (গ) পরিচালন কার্যাবলি নিট নগদ সরবরাহ ২০,৫০০ টাকা।

# অধ্যায়-০৩: গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি

১। চলতি দায়-বৃদ্ধি নগদ প্রবাহ বিবরণীতে কোন কার্যক্রমে অন্তর্ভূক্ত করতে হবে ?
ক. অনগদ
খ. বিনিয়োগ
গ. অর্থায়ন
ঘ. পরিচালন ✓

২। অনুযায়ী ইসদ প্রবাহ বিবরণীর কোথায় ব্যাংক জমাতিক্তি পাওয়া যায় ?
ক. পরিচালন কার্যাবলিতে
খ. বিনিয়োগ কার্যাবলিতে
গ. বাণিজ্যিক কার্যাবলিতে
ঘ. অর্থায়ন কার্যাবলিতে✓

৩। স্বাভাবিকভাবে নগদ অর্থের আগমন ঘটে কখন ?
ক. সম্পত্তি বিক্রয় করে
খ. নগদ ক্রয়ের ফলে
গ. নগদ পণ্য বিক্রয় করে ✓
ঘ. আয় বিবরণীর মাধ্যমে

৪। 'ক' কোম্পানি লি. ২০১৩ সালের নিট আয় ২,০০,০০০ টাকা। অবচয় ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব বৃদ্ধি ৩০,০০০ টাকা এবং প্রদেয় হিসাব বৃদ্ধি ২০,০০০ টাকা হলে পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ কত ?
ক. ২,১০,০০০ টাকা✓
খ. ২,২০,০০০ টাকা
গ. ২,৩০,০০০ টাকা
ঘ. ২,৭০,০০০ টাকা

৫। লভ্যাংশ প্রদান, শেয়ার ইস্যু, ঋণপত্র ইস্যু ও ঋণপত্র পরিশোধ ইত্যাদি নগদ প্রবাহ বিবরণী তে কোন কার্যাবলি অন্তভূক্ত হবে ?
ক. পরিচালন সংক্রান্ত কার্যক্রম
খ. বিনিয়োগ সংক্রান্ত কার্যক্রম
গ. আর্থিক কার্যক্রম✓
ঘ. আয়-ব্যয় সংক্রান্ত কার্যক্রম

৬। বিনিয়োগ সংক্রান্ত নগদ প্রবাহ কোনটি ?
ক. শেয়ার ক্রয়
খ. চলতি সম্পত্তি হ্রাস
গ. স্থায়ী সম্পত্তি ক্রয় ও বিক্রয়✓
ঘ. চলতি দায় হ্রাস

৭। অর্থায়ন কার্যবলি কোনটির সাথে সম্পর্কিত?
ক. ঋণ প্রদান
খ. বিনিয়োগ
গ. ঋণপত্র বিলি✓
ঘ. সম্পত্তি বিক্রয়

৮। সানি কোম্পানি ২০১৪ সালে ২,০০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করে; ১৫,০০,০০০ টাকায় একখন্ড ভূমি বিক্রয় করে এবং ১০,০০,০০০ টাকার শেয়ার ইস্যু করে। সানি কোম্পানির বিনিয়োগ কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহের পরিমাণ কত ?
ক. ১৩,০০,০০০ টাকা ✓
খ. ১৪,০০,০০০ টাকা
গ. ১৫,০০,০০০ টাকা
ঘ. ১৬,০০,০০০ টাকা

৯। সাকিব লি. ২০১৩ সালের সরঞ্জাম ক্রয় ৫০,০০০ টাকা, আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা, কলকজা ক্রয় ৬০,০০০ টাকা এবং ভূমি বিক্রয় ৩০,০০০ টাকা হলে বিনিয়োগ কার্যক্রমে ব্যবহৃত নিট নগদ প্রবাহের পরিমাণ কত ?
ক. ৭০,০০০ টাকা✓
খ. ৯০,০০০ টাকা
গ. ১,৩০,০০০ টাকা
ঘ. ১,৫০,০০০ টাকা

১০। ঋণ পরিশোধ নগদ প্রবাহ বিবরণীর কোন কার্যক্রমের অর্ন্তভূক্ত ?
ক. পরিচালন
খ. বিনিয়োগ
গ. আয়-ব্যয়
ঘ. আর্থিক ✓

১১। নিট ক্রয় ২,০০,০০০ টাকা, প্রারম্ভিক ও সমাপনী পাওনাদার যথাক্রমে ৩০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা হলে পরিচালন কার্যক্রমে পাওনাদারের নগদ প্রদানের পরিমাণ কত ?
ক. ১,৯০,০০০ টাকা ✓
খ. ২,০০,০০০ টাকা
গ. ২,৩০,০০০ টাকা
ঘ. ২,৪০,০০০ টাকা

১২। নিট লাভ প্রথমে না দিয়ে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করা হয় কোন পদ্ধতিতে ?
ক. প্রত্যক্ষ পদ্ধতিতে✓
খ. পরোক্ষ পদ্ধতিতে
গ. প্রত্যক্ষ ও পরোক্ষ পদ্ধতিতে
ঘ. কোনো পদ্ধতিতে না

১৩। নগদ প্রবাহ বিবরণী দ্বারা কী নির্ণয় করা যায় ?
ক. নগদ লভ্যাংশ গ্রহণের সামার্থ
খ. সম্পদ বিক্রয়ের সামর্থ
গ. নগদ লভ্যাংশ প্রদানের সামর্থ্য✓
ঘ. দায় গ্রহণের ক্ষমতা

১৪। নগদ প্রবাহ বিবরণীর শেষ ধাপ কোনটি ?
ক. পরিচালনা কার্যক্রম
খ. বিনিয়োগ কার্যক্রম
গ. অর্থায়ন কার্যক্রম✓
ঘ. ক্রয়-বিক্রয়

১৫। চলতি সম্পদ বৃদ্ধি পেলে নগদ প্রবাহ বিবরণীতে কীভাবে দেখানো হয় ?
ক. পরিচালন কার্যাবলিতে যোগ করতে হয়
খ. পরিচালন কার্যাবলিতে বিয়োগ করতে হয়✓
গ. অর্থায়ন কার্যাবলিতে যোগ করতে হয়
ঘ. বিনিয়োগ কার্যাবলিতে বিয়োগ করতে হয়

১৬। শেয়ারের মাধ্যমে সম্পত্তি ক্রয় নিচের কোন ধরনের কার্যাবলির মধ্যে পড়ে ?
ক. পরিচালন কার্যাবলি

খ. বিনিয়োগ কার্যাবলিতে
গ. অর্থায়ন কার্যাবলি
ঘ. অ-নগদি কার্যাবলি✓
১৭। কোনটি বিনিয়োগ কার্যাবলি সম্পর্কিত নগদ প্রবাহের উদাহরণ ?
ক. ইস্যুকৃত বন্ড হতে নগদ প্রাপ্তি
খ. লভ্যাংশ প্রদান
গ. আসবাবপত্র বিক্রয়জনিত নগদ প্রাপ্তি✓
ঘ. সরবরাহকারীদের নগদ প্রদান
১৮। অর্থায়ন কার্যাবলির উদাহরণ কোনটি ?
ক. জমি বিক্রি হতে নগদ প্রাপ্তি
খ. ঋণপত্র বিক্রি হতে নগদ প্রাপ্তি✓
গ. বিনিয়োগ বিক্রয় হতে নগদ প্রাপ্তি
ঘ. পণ্য ও সেবা বিক্রয় হতে নগদ প্রাপ্তি
১৯। অর্থায়ন কার্যাবলি হাতে নগদ প্রাপ্তি হলো-
i. শেয়ার ইস্যু হতে নগদ প্রাপ্তি
ii. বন্ড ইস্যুর মাধ্যমে প্রাপ্তি
iii. লভ্যাংশ প্রাপ্তি
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii✓ (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২০। নগদ প্রবাহ বিবরণীতে অনগদ লেনদেনের উদাহরণ-
i. নগদ লভ্যাংশ
ii. স্টক লভ্যাংশ
iii. বন্ডের মাধ্যমে যন্ত্রাংশ ক্রয়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii✓ (ঘ) i, ii ও iii
২১। নগদ হলো-
i. অতি তরল বা স্বল্পমেয়াদি বিনিয়োগ
ii. তারল্যের সর্বোচ্চ অবস্থা
iii. হাতে নগদ বা চাহিবামাত্র প্রদেয় আমানত
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii✓ (ঘ) i, ii ও iii
২২। নগদ প্রবাহ সৃষ্টি করে না-
i. অবলোপন খরচ
ii. বিমা খরচ
iii. অবচয় খরচ
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩। পরিচালন কার্যক্রমের উদাহরণ হচ্ছে-
i. অবচয় ধার্য
ii. প্রাপ্য হিসাব বৃদ্ধি
iii. যন্ত্রপাতি ক্রয়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii✓ (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৪। নগদ আন্তঃপ্রবাহের উৎস হলো-
i. যেকোন দায়ের বৃদ্ধি
ii. যেকোনো সম্পদের হ্রাস
iii. অবচয়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓
২৫। পরোক্ষ পদ্ধতির জনপ্রিয়তার কারণ-
i. এটি প্রয়োগ করা অপেক্ষাকৃত সহজ
ii. অধিকাংশ কোম্পানিই এই পদ্ধতি ব্যবহার করে
iii. এটি নিট মুনাফা ও পরিচালণা কার্যক্রম থেকে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓
▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
নিট লাভ ১,৩২,০০০ টাকা, বিবিধ পাওনাদার ও দেনাদার বৃদ্ধি পেল যথাক্রমে ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকা এবং মজুদ পণ্য হ্রাস পেল ৬,০০০ টাকা।
২৬। পরোক্ষ পদ্ধতিতে পরিচালনা হতে নগদ প্রবাহ কত হবে ?
ক. ১,০২,০০০ টাকা
খ. ১,১২,০০০ টাকা
গ. ১,২৪,০০০ টাকা
ঘ. ১,৩৬,০০০ টাকা✓
২৭। বিবিধ পাওনাদার ও দেনাদার বাড়ায় নগদ প্রবাহের ক্ষেত্রে নিচের কোনটি হলো ?
ক. আগমন ও নির্গমন✓
খ. নির্গমন ও আগমন
গ. আগমন ও আগমন
ঘ. নির্গমন ও নির্গমন
▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
মীম কোম্পানির ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিট লাভ ৫,০০,০০০ টাকা; অবচয় ৫০,০০০ টাকা; আসবাপত্র বিক্রয়জনিত ক্ষতি ৫০,০০০ টাকা।
২৮। পরোক্ষ পদ্ধতিতে মীম কোম্পানির পরিচালন কার্যক্রমের নিট নগদ প্রবাহের পরিমাণ কত ?
ক. ৪,০০,০০০ টাকা
খ. ৪,৫০,০০০ টাকা
গ. ৫,০০,০০০ টাকা
ঘ. ৬,০০,০০০ টাকা✓
২৯। আসবাবপত্র বিক্রয়জনিত ক্ষতির পরিবর্তে লাভ হলে এর প্রভাবে মীম কোম্পানির-
i. ব্যবসায়ের সম্পদের পরিমাণ বৃদ্ধি পেত
ii. পরিচালন কার্যক্রমের নিট নগদ প্রবাহ হ্রাস পেত
iii. পরিচালন কার্যক্রমের নিট নগদ প্রবাহ বৃদ্ধি পেত

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii ✓ (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

▶ নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।

উজির আলীর সারা বছরের বিক্রয়ের পরিমাণ ছিল ৫,০০,০০০ টাকা; প্রাপ্য হিসাবের বৃদ্ধি ৩০,০০০ টাকা; ক্রয়ের পরিমাণ ছিল ১,৯৬,০০০ টাকা, প্রদেয় হিসাবের বৃদ্ধি ২০,০০০ টাকা।

৩০। প্রাপ্য হিসাবের নিকট থেকে নগদ প্রাপ্তির পরিমাণ কত ?

ক. ৫,৩০,০০০ টাকা

খ. ৫,০০,০০০ টাকা

গ. ৪,৭০,০০০ টাকা ✓

ঘ. ৪,৩০,০০০ টাকা

৩১। সরবরাহকারীদের নগদ পরিশোধের পরিমাণ কত ?

ক. ২,১৬,০০০ টাকা

খ. ১,৭৬,০০০ টাকা✓

গ. ১,৬৬,০০০ টাকা

ঘ. ১,০০,০০০ টাকা

**Reference:**

Various important curriculum books, notebooks and test papers.